ক্যাটেগরি:	শিক্ষার্থী	ইস্যুর তারিখ: ৮/২১/১৩	নম্বর:	**A-240**
বিষয়:	শিক্ষার্থীদের অব্যাহতি দেয়ার কারণসমূহ		পৃষ্ঠা:	1 of 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান শিক্ষার্থীদের বদলি ও অব্যাহতি দানের বৈধ কারণ প্রতিষ্ঠা করে। এই প্রবিধান 5 সেপ্টেম্বর, 2000 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-240 কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- বদলি এবং অব্যাহতি দানের মধ্যে ফারাক করে (p. 1, §§I.-II.)।
- "অব্যাহতি দানের কারণ যাচাই" শীর্ষক পূর্ববর্তী অংশটি বাদ দেয়া হয়েছে; প্রতিটি অব্যাহাতি দান বিবরণের সঙ্গে কারণ যাচাইয়ের আবশ্যকতা যুক্ত করা হয়েছে (pp. 1-3)।
- ব্যাখ্যাদান করে যে, অব্যাহতি অথবা বদলির ভিত্তি যাচাইকারী নথিটি অবশ্যই বদলি, অব্যাহতি, এবং গ্রাজুয়েশনের গাইডলাইন অনুযায়ী সংরক্ষিত এবং রেকর্ডকৃত হবে, যা লভ্য পাওয়া যাবে http://schools.nyc.gov/RulesPolicies/GraduationRequirements/default.htm (p. 1) সাইটে।
- কিন্ডারগাটেন থেকে পিতামাতা কর্তৃক শিক্ষার্থী প্রত্যাহার করে নেয়া সংক্রান্ত ভাষা পরিবর্তন করা হয়েছে, যেহেতু যেসব ছেলেমেয়ের পঞ্চম জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদেরকে অবশ্যই কিনডারগার্টেনে ভর্তি করতে হয়, যদি না তাদের পিতামাতা পরবর্তী শিক্ষাবছরে তাদেরকে প্রথম গ্রেডে ভর্তি করতে মনস্থ করে থাকেন (p. 1, §II.D.)।
- যুক্ত করে যে ভর্তির বছরে যেসব ছেলেমেয়ের পঞ্চম জন্মদিন পড়ে তাদের পিতামাতারা স্বেচ্ছায় তাদের ছেলেমেয়েকে কিনডারগার্টেন থেকে প্রত্যাহার করে নিতে এবং পরবর্তী শিক্ষাবছরে প্রথম গ্রেডে ভর্তি করতে পারেন; এধরনের ছেলেমেয়েকে অবশ্যই অব্যাহতি দিতে এবং পরের স্কুলবছরে প্রথম গ্রেডে ভর্তি করতে হবে (p. 1, §II.D.)।
- বর্তমান ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সাংগঠনিক বিন্যাস প্রতিফলনে পদবি হালনাগাদ করে (p. 1, §II.B.)।
- স্পষ্টতার জন্য ভাষাকে মসৃণ করে।
- বিভিন্ন পদবীর নাম হালনাগাদ করা হয়েছে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান 5 সেপ্টেম্বর 2000 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-240 কে রহিত করে। এটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থায় শিক্ষার্থীদের ভর্তি, অব্যাহতি, এবং বদলির নীতিমালা প্রতিষ্ঠা করে।

ভূমিকা

একবার ভর্তি হলে শিক্ষার্থীকে স্কুল রেজিস্টার থেকে অপসারণ করা যেতে পারে শুধু বৈধ কারণে, যেমনটি প্রতিষ্ঠা করা হয়েছে এই প্রবিধানে। বদলি হয় যখন শিক্ষার্থীরা এক ডিওই স্কুল বা কর্মসূচি থেকে আরেকটি ডিওই স্কুল বা কর্মসূচিতে যায়। অব্যাহতি ঘটে যখন শিক্ষার্থীরা স্কুল ব্যবস্থা ত্যাগ করে। সকল অব্যাহতির জন্য স্কুলকে কারণ দর্শাতে হবে এবং অব্যাহতির ভিত্তির ডকুমেন্ট সংরক্ষিত রাখতে হবে, এর অন্তর্ভুক্ত, যদি প্রযোজ্য হয়, গ্রাজুয়েশনের ডকুমেন্ট, যা বদলি, অব্যাহতি, এবং গ্রাজুয়েশনের গাইডলাইনঅনুযায়ী করা হয়েছে ("টিডিজি") এবং লভ্য http://schools.nyc.gov/RulesPolicies/GraduationRequirements/default.htmসাইটে।

I. বদলি

A. কোন স্কুলের রেজিস্টার থেকে শিক্ষার্থীদেরকে অপসারণ করা হতে পারে যদি তারা নিউ ইয়র্ক সিটির অন্য পাবলিক স্কুল অথবা কর্মসূচিতে বদলি নেয়, এর অন্তর্ভুক্ত হাই স্কুল সমমানের (GED) কর্মসূচি।

শিক্ষার্থীদের স্কুলের রেজিস্টার থেকে অপসারণ করা যেতে পারে যদি স্টেটের আইন মোতাবেক এবং সেন্ট্রাল অফিস অভ হোম স্কুলিংয়ের অনুমোদন নিয়ে হোম স্কুলিংয়ে বদলি নেয়।

II. অব্যাহতি

পাবলিক স্কুলে ভর্তি একজন শিক্ষার্থীকে নিউ ইয়র্ক সিটি স্কুল ব্যবস্থা থেকে অব্যাহতি দেয়া যেতে পারে শুধু নিম্নলিখিত কোন একটি কারণে। অব্যাহতির সব নথিপত্র স্কুলে দাখিল করতে এবং শিক্ষার্থীর গ্র্যাজুয়েশনের প্রত্যাশিত তারিখের পর ছয় বছর অবধি ফাইলে রাখতে হবে।

A. যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটি থেকে মুভ আউট হয়ে চলে যায় তাদের অব্যাহতি দেয়া হতে পারে। শিক্ষার্থী যদি যুক্তরাষ্ট্রের ভিতবে অথবা পোর্টা রিকোর মধ্যে মুভ হয়, তাহলে স্কুল শিক্ষার্থীর নতুন ঠিকানা, সিটি এবং স্টেট সম্পর্কিত তথ্য লাভে দায়ী থাকবে, এছাড়া শিক্ষার্থীর নতুন স্কুলে ভর্তি বিষয়ের লিখিত কাগজপত্রও রাখার দায়িত্বও তাদের। নতুন ঠিকানা যদি অন্য কোন দেশে হয়, স্কুলটি শিক্ষার্থীর নতুন সিটি এবং দেশ সম্পর্কিত তথ্য লাভে দায়ী থাকবে এবং পিতামাতার কাছে থেকে একটি বিবৃতি নেবে,[1] যা পিতামাতা কর্তৃক লিখিত অথবা পরিবারটি যে যুক্তরাষ্ট্র থেকে বাইরে চলে গেছে সে মর্মে যথাযথ স্কুল কর্মী কর্তৃক সত্যায়িত হবে। যাচাইয়ের নথিপত্র অবশ্যই টিডিজি গাইডলাইনে বর্ণিত পদ্ধতি অনুসারে শিক্ষার্থীর রেকর্ডে সংরক্ষণ করতে হবে।

B. উপস্থিতির শিক্ষক অথবা অন্য যথাযথ স্কুল কর্মী কর্তৃক অব্যাহতি প্রাপ্ত শিক্ষার্থীকে যদি তদন্ত পরিচালনার পর যদি কোথাও না পাওয়া যায়। এই অব্যাহতির শর্ত অনুযায়ী তদন্তের তথ্য নথিভুক্ত করতে হবে এবং টিডিজি-র গাইডলাইনে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী ফিল্ড সাপোর্ট সেন্টার অ্যাটেনডেন্স সুপারভাইজর কর্তৃক অনুমোদিত হতে হবে।

---

[1] এই প্রবিধানে ব্যবহৃত প্যারেন্ট শব্দটি দ্বারা শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে কোন ব্যক্তি, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসূলভ বা তত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিকে বোঝায়।

C. নন-ডিওই স্কুল অথবা কর্মসূচিতে যাচাইকৃত ভর্তির পর শিক্ষার্থীদেরকে অব্যাহতি দেয়া হতে পারে, যেমন ধর্মীয় অথবা প্রাইভেট স্কুল থেকে, অথবা ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP)-তে সুপারিশের ভিত্তিতে কোন নন-ডিওই আবাসিক অথবা দিনের স্কুল অথবা কর্মসূচিতে ভর্তির পর সেখান থেকে। এই কারণের জন্য শিক্ষার্থীকে অব্যাহতিদান করতে, শিক্ষার্থীকে টিডিজি-তে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী নতুন স্কুল অথবা কর্মসূচিতে শিক্ষার্থীকে ভর্তির লিখিত ডকুমেন্ট সংগ্রহের জন্য স্কুলই দায়ী থাকবে।

D. বর্তমানে কিনডারগার্টেনে ভর্তি এবং এবং এবং 31 ডিসেম্বরের আগে যার বয়স পাঁচ বছর হবে[ম] এমন শিক্ষার্থীর পিতামাতা কিনডারগার্টেন থেকে সন্তানকে স্বেচ্ছায় প্রত্যাহার করে নিয়ে পরের শিক্ষাবছরে প্রথম গ্রেডে ভর্তি করতে পারেন। কিনডারগার্টেন থেকে এরকম ছেলেমেয়েকে অব্যাহতি দেয়া যেতে পারে এবং তাদের অবশ্যই পরবর্তী শিক্ষাবছরে প্রথম গেড়ে ভর্তি হতে হবে। প্রত্যাহারের পিতামাতার অনুরোধের প্রমাণ আবশ্যক।

E. কোন আবসিক প্রতিষ্ঠান বা ডিস্ট্রিক বহির্ভূত কাঠামোয় ভর্তি যেটি ডিওই কর্মচারী দ্বারা পরিচালিত নয়, যেমন অফিস অভ চিলড্রেন অ্যান্ড অ্যামিলি সার্ভিসেস ফ্যাসিলিটি, হসপিটাল, বা ফস্টার কেয়ার প্রতিষ্ঠান, ভর্তির যাচাইকৃত নথিসাপেক্ষে শিক্ষার্থীদের অব্যাহতি দেয়া যেতে পারে, যখন এধরনের ভর্তি আদালত বা সরকারি এজেন্সি কর্তৃক বাধ্যতামূলক করা হয়। এই কারণের অব্যাহতি অবশ্যই অনুমোদিত ডিওই কর্মীসদস্য করবেন এবং টিডিটি গাইডলাইন অনুযায়ী যাচাইকৃত ডকুমেন্ট দিয়ে সমর্থিত হবে।

F. বর্তমানে প্রি-কিনডারগার্টেনে ভর্তি শিক্ষার্থী যে 31 ডিসেম্বর বা তার আগে চার বছর বয়সী হয়[ম] তার পিতামাতা স্বেচ্ছায় সন্তানকে স্কুল থেকে প্রত্যাহার করে নিতে পারেন। প্রত্যাহারের পিতামাতার অনুরোধের প্রমাণ আবশ্যক। এছাড়া, যেসব শিক্ষার্থী 31 ডিসেম্বর বা তার আগে চার বছর বয়সী হয় এবং স্কুলে টানা 20 দিন অনুপস্থিত থাকে তাকে স্কুল টিডিজি গাইডলাইনে প্রতিষ্ঠিত যথাযথ তদন্ত ও অবহিতকরণ পদ্ধতি অনুসরণসাপেক্ষে অব্যাহতি দেয়া যেতে পারে।

G. ১৭ বছর বয়সে পড়া বছরে স্কুলবছর সম্পন্নকারী শিক্ষার্থীরা স্বেচ্ছায় স্কুল[2] থেকে নিজেদের প্রত্যাহার করে নিতে পারে। যেসব শিক্ষার্থী যে বছর বয়স 17 হয়েছে সেই স্কুলবছর সম্পন্ন করেছে এবং টানা 20 দিন স্কুলে অনুপস্থিত রয়েছে তাদেরকে স্কুল যথাযথ অবহিতকরণ পদ্ধতি অনুসরণের পর অব্যাহতি দিতে পারে। উভয় অব্যাহতির ক্ষেত্রেই স্কুল প্ল্যানিং ইন্টারভিউ ফরম এবং প্ল্যানিং ইন্টারভিউ প্রসেডিউর্স ম্যানুয়াল এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করবে। এছাড়া, শিক্ষার্থীদের এইমর্মে লিখিত নোটিস লাভ করতে হবে যে 21 বছর বয়সের আগে পর্যন্ত তাদের স্কুলে ফিরে আসার অধিকার রয়েছে, যদি না তারা ইতিপূর্বে হাই স্কুল ডিপ্লোমা লাভ করে থাকে।

H. যেসব শিক্ষার্থীর বয়স 16 বা 17 বছর তাদেরকে পিতামাতার লিখিত সম্মতি এবং পূর্ণকাল চাকরির প্রমাণ পাওয়া সাপেক্ষে পূর্ণকাল চাকরির জন্য অব্যাহতি দেয়া যেতে পারে। 17 বছরের বেশি বয়সী শিক্ষার্থীদের সেনাবাহিনীতে যোগদানের কারণে অব্যাহতি দেয়া যায়। উভয়ক্ষেত্রেই স্কুল প্ল্যানিং ইন্টারভিউ ফরম এবং প্ল্যানিং ইন্টারভিউ প্রসেডিউর্স ম্যানুয়াল এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করবে। এছাড়া, শিক্ষার্থীদের এইমর্মে লিখিত নোটিস লাভ করতে হবে যে 21 বছর বয়সের আগে পর্যন্ত তাদের স্কুলে ফিরে আসার অধিকার রয়েছে, যদি না তারা ইতিপূর্বে হাই

[2] স্কুলবছর সরকারিভাবে শুরু হয় 1 জুলাই থেকে। যেসব শিক্ষার্থী 1 জুলাই বা তার পরে 17 বছর বয়সী হয় তাদেরকে সেই স্কুলবছর শেষ হওয়া অবধি স্কুলে থাকতে হয়।

স্কুল ডিপ্লোমা লাভ করে থাকে।

I. হাই স্কুল গ্র্যাজুয়েশনের আগে চার বছরের কলেজ কর্মসূচিতে প্রবেশের অধিকার লাভের পর শিক্ষার্থীদের টিডিজি গাইডলাইনে বর্ণিত পদ্ধতি অনুসারে অব্যাহতি দেয়া যেতে পারে।

J. 21 বছরের বেশি শিক্ষার্থীদের অব্যাহতি দেয়া যেতে পারে যে বছর তাদের 21 বছর হল সেই স্কুলবছরের শেষে।

K. যাচাইয়ের পর মৃত শিক্ষার্থীদের অব্যাহতি দেয়া যেতে পারে।

L. প্রতিবন্ধী শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত বিকল্প কোন প্রমাণপত্র বা সার্টিফিকেট লাভসাপেক্ষে যে বছর তারা 21 বছরে পড়ছে সেই স্কুলবছর শেষে অথবা, কিনডারগার্টেন ব্যতীত, কমপক্ষে 12 বছর স্কুলে থাকার পর স্বেচ্ছায় অব্যাহতি নিতে পারে। এধরনের কোন শিক্ষার্থী যে স্বেচ্ছায় প্রত্যাহার করে তাকে অবশ্যই লিখিতভাবে অবহিত করতে হবে যে 21 বছর বয়স হওয়ার আগে পর্যন্ত তার স্কুলে ফিরে আসার অধিকার রয়েছে।

M. হাই স্কুল ইকুইভ্যালেন্সি ডিপ্লোমা (জিইডি) লাভকারী একজন শিক্ষার্থীকে টিডিজি গাইডলাইনে বর্ণিত প্রক্রিয়া মোতাবেক অব্যাহতি দেয়া যায়। হাই স্কুল ইকুইভ্যালেন্সি ডিপ্লোমা অর্জনকারী একজন শিক্ষার্থীর অধিকার আছে যে স্কুলবছরে তার 21তম জন্মদিন পড়বে সে স্কুলবছর পর্যন্ত স্কুলে থাকার অথবা স্কুল বছরের শেষ নাগাদ নিয়মিত হাই স্কুল ডিপ্লোমা লাভের জন্য চেষ্টা করার।

N. কোন শিক্ষার্থী যে হাই স্কুল ডিপ্লোমার শর্ত পূরণ করেছে সে টিডিজি গাইডলাইনে বর্ণিত প্রক্রিয়া এবং হাই স্কুল অ্যাকাডেমিক নীতির রেফারেন্স গাইড অনুযায়ী একজন গ্রাজুয়েট হিশেবে অব্যাহতি পেতে পারে। একজন শিক্ষার্থী যে ভর্তির সময় এনওয়াইসিডিওই-র বাইরের কোন স্কুল থেকে ইতোমধ্যে হাই স্কুল ডিপ্লোমা অর্জন করেছে সে অব্যাহতি লাভ করতে পারে।

O. হাই স্কুল সাধারণ শিক্ষার শিক্ষার্থী যারা যে বছর তারা 17 বছর বয়সী হয়েছে সেই স্কুলবছর শেষ করেছে তাদেরকে চ্যান্সেলরের প্রবিধান A-443 মোতাবেক ভয়ংকর বা সহিংস আচরণের দায়ে, সুপারিনটেনডেন্টের শুনানি শেষে বহিষ্কৃত হওয়ার পর অব্যাহতি দেয়া যায়।

III. <u>অনুসন্ধান</u>

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন:	অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট এন.ওয়াই.সি ডিপার্টমেন্ট অভ এডুকেশন	ফ্যাক্স:
212-374-6095	52 Chambers Street – Room 320 New York, NY 10007	212-374-5751